



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা শিক্ষা অফিসার কার্যালয়
বন্দর, নারায়ণগঞ্জ।

প্রধান শিক্ষকদের নভেম্বর/২০২৩ মাসে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি : উপজেলা শিক্ষা অফিসার, বন্দর, নারায়ণগঞ্জ।
স্থান : মদনগঞ্জ মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়, বন্দর, নারায়ণগঞ্জ।
তারিখ : ১৬.১১.২০২৩ খ্রি.
সময় : সকাল ১০.০০ ঘটিকা

অদ্য ১৬.১১.২০২৩ খ্রি. তারিখ বেলা ১০.০০ ঘটিকায় উপজেলা শিক্ষা অফিসার মহোদয়ের সভাপতিত্বে মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী অনুষ্ঠিত হয়। উক্ত সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে জ্যেষ্ঠ সহকারী উপজেলা শিক্ষা অফিসার সভার কার্যক্রম শুরু করেন। বিস্তারিত আলোচনা পূর্বক বিগত সভার কার্যবিবরণী পঠন ও অনুমোদন সংক্রান্ত আলোচনায় বিগত কার্যবিবরণী দৃঢ়করণ করা হয়।

সভায় উপস্থিতির স্বাক্ষর পরিশিষ্ট - ক তে দেখানো হলো।

আলোচনা ও সিদ্ধান্তসমূহ :

ক্র. নং	আলোচ্যসূচী	আলোচনা	সিদ্ধান্ত সমূহ	বাস্তবায়নকারী
১.	সরকারি খাস জমিতে নির্মিত প্রাথমিক বিদ্যালয়ের জমি সঠিক ভাবে রেকর্ডভুক্ত করণ সংক্রান্ত	সরকারি খাস জমিতে নির্মিত প্রাথমিক বিদ্যালয়ের জমি সঠিক ভাবে রেকর্ডভুক্ত করণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।	জ্যেষ্ঠ সহকারী উপজেলা শিক্ষা অফিসার জানান যে সহকারী কমিশনার, ভূমি, বন্দর, নারায়ণগঞ্জ মহোদয়ের মাধ্যমে জানা যায় সরকারি খাস জমিতে নির্মিত প্রাথমিক বিদ্যালয়ের জমি রেকর্ডভুক্তির জন্য জেলা প্রশাসক মহোদয় বরাবর আবেদন করতে হবে।	প্রধান শিক্ষক ও বিদ্যালয়ের ব্যবস্থাপনা কমিটি
২.	রুটিন অনুযায়ী পাঠদান এবং প্রধান শিক্ষকের প্রতিদিন ০৩টি পাঠদান এবং ২টি পাঠ পর্যবেক্ষণ সংক্রান্ত।	নির্ধারিত সময়সূচী ও বিধি মোতাবেক অনুমোদিত রুটিন অনুসরণ পূর্বক পাঠদান সহ প্রধান শিক্ষকের প্রতিদিন তিনটি পাঠদান করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	নির্ধারিত সময়সূচী ও বিধি মোতাবেক অনুমোদিত রুটিন অনুসরণ পূর্বক পাঠদান নিশ্চিতকরণ সহ প্রধান শিক্ষকের প্রতিদিন প্রথম ও শেষ পাঠদান সহ ০৩টি পাঠদান এবং দুইটি পাঠ পর্যবেক্ষণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	প্রধান শিক্ষক / সহকারী শিক্ষক
৩.	স্লিপ কার্যক্রমের বিল ভাউচার দাখিল সংক্রান্ত	সকল প্রধান শিক্ষকগণকে নিজ নিজ স্লিপ পরিকল্পনা অনুযায়ী ভাউচার প্রনয়নের বিষয়ে আলোচনা করা হয়।	সকল প্রধান শিক্ষক নিজ নিজ স্লিপ পরিকল্পনা অনুযায়ী ভাউচার প্রনয়ন করে ১৫.১১.২০২৩খ্রি. মধ্যে উপজেলা শিক্ষা অফিসে জমা দেওয়ার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	প্রধান শিক্ষক
৪.	কাবিং সংক্রান্ত	কাবিং কার্যক্রম জোরদার করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।	প্রতিটি বিদ্যালয়ে দুইটি কাবের দল গঠন সহ ক্লাস রুটিনে প্যাক মিটিং বিষয়টি অন্তর্ভুক্ত করে প্রতি বৃহস্পতিবার প্যাক মিটিং যথাযথ ও নিয়মিত ভাবে করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	প্রধান শিক্ষক / সংশ্লিষ্ট শিক্ষক
৫.	উপকরণ সহ পাঠদান, ডিজিটাল কন্টেন্ট তৈরি ও ব্যবহার এবং এস.আর.এম ব্যবহার সংক্রান্ত	উপকরণ সহ পাঠদান, ডিজিটাল কন্টেন্ট তৈরি ও নিয়মিত ব্যবহার এবং রেজিষ্টার ব্যবহার করে এস.আর.এম পঠনের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	নিয়মিত উপকরণ সহ পাঠদান, ডিজিটাল কন্টেন্ট তৈরি ও নিয়মিত ব্যবহার এবং রেজিষ্টার ব্যবহার করে এস.আর.এম নিয়মিত পঠনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	প্রধান শিক্ষক / সহকারী শিক্ষক
৬.	এডিস মশার বিস্তার ও ডেঙ্গু রোগ প্রতিরোধে করনীয় সংক্রান্ত	এডিস মশার বিস্তার ও ডেঙ্গু রোগ প্রতিরোধ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	এডিস মশার বিস্তার ও ডেঙ্গু রোগ প্রতিরোধে করনীয় সংক্রান্ত প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের প্রেরিত পত্র অনুযায়ী সকল বিদ্যালয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	প্রধান শিক্ষক / সহকারী শিক্ষক
৭.	তথ্য প্রদান সংক্রান্ত	এ দপ্তর থেকে চাহিত তথ্য যথাসময়ে প্রেরণ করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।	চাহিত তথ্য যথা সময়ে প্রেরণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে সংশ্লিষ্ট প্রধান শিক্ষক/শিক্ষক ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন।	প্রধান শিক্ষক
৮.	ফেসবুকসহ বিভিন্ন সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার সংক্রান্ত	ফেসবুকসহ বিভিন্ন সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারে বিভিন্ন সময় এ বিষয়ে দিকনির্দেশনা ও পরিপত্র জারী করা হয়েছে। কিন্তু তারপরেও দেখা যাচ্ছে, শিক্ষকগণ বিভিন্ন সামাজিক যোগাযোগ মাধ্যমে মন্তব্য করার ক্ষেত্রে অনুশাসন মেনে চলছেন না। এ বিষয়ে সভায় গুরুত্বের সাথে আলোচনা করা হয়।	সামাজিক যোগাযোগ মাধ্যমে অনুশাসনমালা অবশ্যই পালন করণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে কোন অনভিপ্রেত অবস্থার সম্মুখীন হতে না হয়, সে বিষয়ে সচেতন থাকা মর্মেও সিদ্ধান্ত গৃহীত হয়। তথাপি কোন শিক্ষক অনুশাসনমালা যথাযথ ভাবে না মেনে কোন বক্তব্য/পোষ্ট প্রদান করলে তার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করণের বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।	প্রধান শিক্ষক / সহকারী শিক্ষক

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি জনাব মোসাম্মৎ জাহানারা খানম উপজেলা শিক্ষা অফিসার মহোদয় অংশগ্রহনকারী সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ রেজাউল করিম
উপজেলা শিক্ষা অফিসার
বন্দর, নারায়ণগঞ্জ।

১৬/১১/২৩